

বাংলাদেশ নির্বাচন কমিশন

শেরে বাংলা নগর, ঢাকা


তারিখ : ৮ জুন ২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

বিভিন্ন সংবাদপত্র ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রায় অর্ধ শতাধিক প্রতিনিধি প্রতিদিনই সংবাদ সংগ্রহের জন্য নির্বাচন কমিশনে আসেন। এই বিপুল সংখ্যক সাংবাদিক বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীদের কক্ষের সামনে ভীড় করেন এবং কোন কোন ক্ষেত্রে অনভিপ্রেত পরিস্থিতির সৃষ্টি করেন। এতেকরে কর্মকর্তা-কর্মচারীগণ বিব্রতবোধ করেন এবং দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রমে বিঘ্নের সৃষ্টি হয়।

নির্বাচন কমিশন একটি স্বাধীন এবং সাংবিধানিক প্রতিষ্ঠান। এর মর্যাদা রক্ষার দায়িত্ব সকলের। একই সঙ্গে সাংবাদিকদেরও তাঁদের পেশাগত দায়িত্ব পালনের লক্ষ্যে নির্বাচন কমিশন থেকে তথ্য জানার অধিকার রয়েছে। যার প্রতি নির্বাচন কমিশন সম্পূর্ণ শ্রদ্ধাশীল। একারণেই কমিশনের যাবতীয় কার্যক্রম সম্পর্কে সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে সকলকে জানানো হয়। নির্বাচন কমিশন সচিবালয়ের ভারপ্রাপ্ত সচিবকে সাংবাদিকদের তথ্য সরবরাহ করার জন্য নির্বাচন কমিশন থেকে নির্দেশ দেয়া হয়েছে। অধিকন্তু মাননীয় প্রধান নির্বাচন কমিশনারও সময়ে সময়ে সাংবাদিকদের ব্রিফিং দিয়ে থাকেন। কোন সাংবাদিক লিখিতভাবে যদি কোন তথ্য জানতে চান কমিশন সে ব্যাপারেও সহায়তা প্রদান করবে।

এ পরিস্থিতিতে সংশ্লিষ্ট সকলকে শৃঙ্খলা, নিয়মনীতি এবং কমিশনের স্বাভাবিক পরিবেশ বজায় রাখতে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।


(এস. এম. অসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা
ফোনঃ ৮১১৪১৭৬